

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন  
২০২১-২২

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
[www.dpp.gov.bd](http://www.dpp.gov.bd)

প্রকাশক :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

নির্দেশনায় :

এ. কে. এম. মাসুদুজ্জামান

মহাপরিচালক

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

সার্বিক তত্ত্বাবধান :

জনাব মোঃ সাখাওয়াত হোসেন

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

সহযোগিতায় :

আবু ফাহাদ মোঃ সোহাগ  
সহকারী পরিচালক (প্রশাসন-১)  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

এ. কে. এম. আজাদ  
কম্পোজিটর  
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

প্রচ্ছদ :

ডাঃ মোহাম্মদ মফিজুর রহমান  
উপপরিচালক  
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

মুদ্রণ :

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্বত্ব :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।



সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বর্তমান বিশ্ব ব্যবস্থায় তথ্য সংরক্ষণ এবং তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। তদুপরি তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক সরকারি সকল প্রতিষ্ঠানের কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা বাধ্যতামূলক। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত ২০২১-২০২২ অর্থবছরের কার্যাবলি সংশ্লিষ্টদের নিকট তুলে ধরার উদ্দেশ্যে এ প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

একটি সেবামুখী সরকারি প্রতিষ্ঠান হিসেবে দেশের নাগরিক সেবা সহজীকরণে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের গুরুত্ব অপরিসীম। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ কেপিআইভুক্ত প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠালগ্ন থেকেই এ অধিদপ্তর সরকারের গেজেট ও গোপনীয় বিষয়সহ সকল গুরুত্বপূর্ণ মুদ্রণ, লেখসামগ্রী ও ফরম প্রস্তুত ও প্রকাশনার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে আসছে। রাষ্ট্রের সকল সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের মধ্যে এ অধিদপ্তরের কার্যক্রম বিস্তৃত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী সরকারি প্রেসসমূহের পুরনো যন্ত্রপাতি পরিবর্তন করে পর্যায়ক্রমে সর্বাধুনিক কম্পিউটারাইজড মুদ্রণ যন্ত্র স্থাপনের কাজ চলছে। গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস এবং বাংলাদেশ সরকারী মুদ্রণালয় আধুনিকায়নের লক্ষ্যে চলমান প্রকল্প শেষ পর্যায়ে রয়েছে। ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনার প্রেক্ষিতে অত্যাধুনিক মুদ্রণ যন্ত্র স্থাপনের ফলে কাজের পরিমাণ ও মান এবং উৎপাদন সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

অত্যাধুনিক মুদ্রণ যন্ত্র, মানসম্মত মুদ্রণ সামগ্রী ব্যবহার, জনবলের সুশৃঙ্খল পরিচালনা, কাজের গুণগত মান এবং প্রয়োজ্য ক্ষেত্রে কঠোর গোপনীয়তা ও নিশ্চিদ্র নিরাপত্তা মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সকলের কাছে গ্রহণযোগ্য করে তুলেছে। এছাড়া সরকারি দপ্তরসমূহের জন্য মান সম্পন্ন স্টেশনারি ও অফিস সরঞ্জামাদির সংগ্রহ এবং বিতরণ দপ্তরসমূহের কাজে স্বাচ্ছন্দ আনয়নের মাধ্যমে সুশাসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এ অধিদপ্তর।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি অধিদপ্তরের কাজ সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সুস্পষ্ট ধারণা দিতে সক্ষম হবে এবং প্রশাসনিক কাজে ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের কার্যক্রমের উত্তরোত্তর সাফল্য কামনা করি।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী  
সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়



মহাপরিচালক  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
জনপ্রশাসন মন্ত্রণালয়

## বাগী

জনগুরুত্বপূর্ণ গোপনীয় মুদ্রণ, সরকারি গেজেট ও অন্যান্য প্রকাশনাসহ সকল গুরুত্বপূর্ণ মুদ্রণ ও প্রকাশনা এবং ফরম ও লেখসামগ্রী প্রস্তুত ও সরবরাহের কাজ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রনের উদ্দেশ্যে ১৯৭২ সালে মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর প্রতিষ্ঠিত হয়। কাজের গতিশীলতা ও পরিধি বিবেচনা করে ২০০৫ সালে এ প্রতিষ্ঠানকে অধিদপ্তরে উন্নীতকরণ করা হয় এবং ২০১০ সালে মুদ্রণ লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরের নাম সহজীকরণের লক্ষ্যে “মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর” নামে অভিহিত করা হয়। সঠিক কর্মপরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা, অত্যাধুনিক প্রযুক্তি প্রয়োগ ও মানব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা কার্যক্রমকে বিশ্বমানের উন্নীতকরণসহ গ্রাহক সেবার মান নিশ্চিত করার লক্ষ্য নিয়েই মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের পথ চলা।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারের উন্নয়ন ধারার সাথে সঙ্গতি রেখে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কাজ করে যাচ্ছে। মুদ্রণ প্রযুক্তি লেটার প্রেস থেকে অফসেট প্রেসে রূপান্তরের ফলে মুদ্রণ কাজের ধরণ পরিবর্তন হয়েছে। সে বিবেচনায় অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো আধুনিকায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে একটি মাস্টার প্ল্যানের আওতায় প্রেস ও অফিসসমূহের ভৌত অবকাঠামো আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্টেশনারি কার্যক্রমকে সহজতর, দ্রুততর, গ্রাহকবান্ধব এবং সমন্বিতকরণের জন্য ডিপিপি স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরী করা হয়েছে। এছাড়া ১৯৪৭ সাল থেকে অদ্যাবধি সংরক্ষিত প্রকাশনাসমূহ আর্কাইভকরণ, ই-রিকুইজিশন সিস্টেম এবং অনলাইন সেলস এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম চালু করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আধুনিক মুদ্রণ ও প্রকাশনা সেবা সকলের দোরগোড়ায় পৌঁছে দিতে এ অধিদপ্তর আরও তৎপর থাকবে, অধিদপ্তরের সকল কর্মচারী সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে স্বজনপ্রীতি ও দুর্নীতির উর্ধ্বে থেকে স্বীয় অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের ২০৪১ সালের উন্নত বিশ্বের যে রূপকল্প রয়েছে তা অর্জনের লক্ষ্যে কাজ করে যাবে এই আমাদের অঙ্গীকার।

অধিদপ্তরের গঠন ও কার্যাবলী সম্বলিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক এই প্রতিবেদনটি মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করবে এবং ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে এক তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় নবমবারের মত প্রকাশিত এই বার্ষিক প্রতিবেদন সহায়ক ভূমিকা পালন করবে।

আমি বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং প্রকাশনার সাফল্য কামনা করি।

এ. কে. এম. মাসুদুজ্জামান  
মহাপরিচালক  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর



পরিচালক  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
জনপ্রশাসন মন্ত্রণালয়

## সম্পাদকীয়

অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি বৃটিশ শাসনামলে ভারতীয় উপমহাদেশে প্রথম কোলকাতায় লেটার প্রেসের মাধ্যমে রাষ্ট্রীয় মুদ্রণ কাজের গোড়াপত্তন হয়। পরবর্তীতে মাদ্রাজ, আলীগড় ও দিল্লীতে প্রেস স্থাপিত হয়। ১৯৪৭ সালে কোলকাতা থেকে বাংলায় বেঙ্গল গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের একটি শাখা ঢাকায় স্থানান্তরিত হয় যা বর্তমানে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) হিসেবে চালু আছে। পাকিস্তান শাসনামলে কেন্দ্রীয় সরকারের প্রেস হিসেবে ১৯৫৬ সালে ঢাকায় গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস স্থাপিত হয় এবং বর্তমানে এটি ঐ নামেই চালু আছে। প্রয়োজনের তাগিদে ১৯৭৫ সালে বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস স্থাপন করা হয়েছে। গত শতাব্দীর আশির দশকে আধুনিকতার ছোঁয়ায় লেটার প্রেসের পরিবর্তে অফসেট প্রিন্টিং মেশিন প্রতিস্থাপন কার্যক্রম শুরু হয়েছে যা এখনো অব্যাহত আছে। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে প্রেসের ভৌত অবকাঠামো, সাংগঠনিক কাঠামো সংস্কার ও আধুনিকায়ন, ডিজিটাল প্রিন্টিং মেশিন সংগ্রহ এবং দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে সরকারি মুদ্রণালয়সমূহের সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম চলমান আছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী সরকারি প্রেসসমূহের পুরনো যন্ত্রপাতি পরিবর্তন করে পর্যায়ক্রমে সর্বাধুনিক কম্পিউটারাইজড মুদ্রণ যন্ত্র স্থাপনের কাজ চলছে।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন প্রেসসমূহের মাধ্যমে সরকারি জন-গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ সম্পাদন ছাড়াও আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী মুদ্রণ বিষয়ক যাবতীয় কর্মকাণ্ডও সম্পাদন করা হয়। পাশাপাশি অধিদপ্তরাধীন অন্য দুটি অফিস বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস এবং বাংলাদেশ স্টেশনারী অফিস মুদ্রিত সামগ্রীসহ সকল সরকারি অফিসের জন্য ফরম ও স্টেশনারি দ্রব্যাদি সংগ্রহ ও সরবরাহের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে। এ সংক্রান্ত সেবাব্যবস্থাকে আরও সহজ ও কার্যকর করার জন্য অধিদপ্তরের অধীনস্থ আটটি আঞ্চলিক (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া, রংপুর, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ) অফিসও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

তথ্য অধিকার আইন ২০০৯ এর বাধ্যবাধকতা ছাড়াও সম্পাদিত কর্মকাণ্ডের মূল্যায়ন ও জবাবদিহি নিশ্চিতকরণে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ জরুরি। প্রতিবেদনটি প্রস্তুতের জন্য গঠিত কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, অধিদপ্তর ও অধীনস্থ অফিস ও প্রেসসমূহের তথ্যাবলী সংগ্রহ ও মুদ্রণের সাথে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিরলস পরিশ্রমের জন্য আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব এবং এ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় প্রতিবেদনটি প্রস্তুতের ক্ষেত্রে সার্বক্ষণিক পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেছেন। তাঁদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

প্রতিবেদনটি ত্রুটিমুক্ত ও তথ্য বহুল করার জন্য আন্তরিকতার সাথে চেষ্টা করা হয়েছে। তা সত্ত্বেও মুদ্রণ বিভ্রাট ও তথ্য ঘাটতির বিষয়ে সম্মানিত পাঠকবৃন্দের ক্ষমাসুন্দর দৃষ্টি কামনা করছি। পাঠকের সুচিন্তিত মতামত ও পরামর্শ আগামী প্রকাশনাকে আরও সমৃদ্ধ করবে বলে আশা করছি।

(ডাঃ মোঃ সারোয়ার বারী)  
পরিচালক  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
<b>পরিচিতি</b>	
১. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	
২. অধিদপ্তরের মিশন, ভিশন	
৩. অধিদপ্তরের সাধারণ উদ্দেশ্য	
৪. সাংগঠনিক কাঠামো	
৫. অধিদপ্তরের সিটিজেন চার্টার	
৬. অধিদপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের জনবল চিত্র	
৭. বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)	
৮. গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)	
৯. বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি)	
১০. বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	
১১. বাংলাদেশ স্টেশনারী অফিস	
১২. আঞ্চলিক অফিসসমূহ	
১৩. অধিদপ্তরের কার্যাবলী	
<b>প্রতিবেদন</b>	
<b>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়)</b>	
১. ২০২১-২২ অর্থ-বছরের কার্যাবলি	
২. ২০২১-২২ অর্থ-বছরের কর্মপরিকল্পনা	
৩. ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ	
৪. জনবলের বিবরণ :- (২০২১-২২)	
৫. ২০২১-২২ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	
৬. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	
৭. অধিদপ্তরের রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ও আয়	
৮. বহি মুদ্রণের অনাপত্তির ছাড়পত্র প্রদান (NOC)	
৯. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২১-২২	

	বিষয়	পৃষ্ঠা
১০.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	
১১.	অভিযোগ ব্যবস্থাপনা	
১২.	অধিদপ্তরের অফিস/প্রেসসমূহের ভূ-সম্পত্তি	
১৩.	অধিদপ্তরের অফিস/প্রেসের বিল্ডিং ও কোয়ার্টারঃ	
১৪.	অধিদপ্তরের যানবাহন ব্যবস্থাপনা	
১৫.	অধিদপ্তরের আইসিটি শাখা	
১৬.	তথ্য প্রদানকারী এবং অভিযোগ গ্রহণকারী কর্মকর্তা	
১৭.	শুদ্ধাচার, ইনোভেশন	
	<b>বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজিপ্রেস)</b>	
১.	সংক্ষিপ্ত পরিচিতি	
২.	সাম্প্রতিক অর্জন	
২.	ভবিষ্যত পরিকল্পনা	
৩.	২০২১-২২ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	
৫.	২০২১-২২ অর্থ -বছরে কর্ম পরিকল্পনা ও অর্জিত সাফল্য	
৭.	২০২১-২২ অর্থ -বছরের কর্ম পরিকল্পনা	
৮.	২০২১-২২ অর্থ -বছরে সংগ্রহকৃত যন্ত্রপাতির বিবরণ	
৯.	২০২১-২২ অর্থ-বছরে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	
১০.	২০২১-২২ সালে সম্পাদিত মুদ্রণ কাজের বিবরণ	
১১.	২০২১-২২ অর্থ-বছরের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	
১২.	২০২১-২২ অর্থ বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ	
১৩.	২০২১-২২ অর্থ বছরে অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	
১৪.	অফিসের ভূ সম্পত্তি, কোয়ার্টারের হিসাব	
১৫.	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের অফিস/প্রেস বিল্ডিং ও কোয়ার্টারঃ	
১৬.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	
১৭.	উপসংহার	

বিষয়		পৃষ্ঠা
<b>গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)</b>		
১.	সংক্ষিপ্ত পরিচিতি	
২.	প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা /সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জন এবং ভবিষ্যত পরিকল্পনা	
৩.	২০২১-২২ অর্থ-বছরে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় মেশিন ক্রয় কার্যক্রম	
৩.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল	
৪.	২০২১-২২ অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	
৬.	২০২১-২২ অর্থ-বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য	
৭.	২০২১-২২ অর্থ-বছরের পরিকল্পনা	
৮.	২০২১-২২ অর্থ-বছরে ক্রয়কৃত মেশিনসমূহের তালিকা	
৯.	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস এর গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	
১০.	২০২১-২২ সালে সম্পাদিত উল্লেখযোগ্য মুদ্রণ কাজের বিবরণ	
১১.	২০২১-২২ অফিস/প্রেসের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	
১২.	২০২১-২২ অর্থ-বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ	
১৩.	২০২১-২২ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	
১৪.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়ার্টার	
১৫.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	
১৬.	উপসংহার	
<b>বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি)</b>		
১.	সংক্ষিপ্ত পরিচিতি	
২.	সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জন	
৩.	ভবিষ্যৎ পরিকল্পনা	
৪.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল	
৫.	২০২১-২২ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	
৭.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য	
৮.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা	
৯.	২০২১-২২ অর্থ বছরে সংগ্রহকৃত যন্ত্রপাতির বিবরণ	
১০.	২০২১-২২ প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	



বিষয়		পৃষ্ঠা
১১.	২০২১-২২ সালে মুদ্রণ কাজের বিবরণ	
১২.	২০২১-২২ বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	
১৩.	২০২১-২২ অর্থ বছরে ও আয়ের বিবরণ	
১৪.	২০২১-২২ অর্থ বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণ	
১৫.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়ার্টারের হিসাব	
১৬.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	
১৭.	উপসংহার	
<b>বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস</b>		
১.	সংক্ষিপ্ত পরিচিতি	
২.	জনবলের বিবরণ :- (২০২১-২২)	
৩.	২০২১-২২ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	
৪.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য	
৫.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা	
৬.	২০২১-২২ অর্থ বছরের অডিট আপত্তি নিষ্পত্তির সাফল্য ও হালনাগাদ বিবরণী	
৭.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	
৮.	উপসংহার	
<b>বাংলাদেশ স্টেশনারী অফিস</b>		
১.	সংক্ষিপ্ত পরিচিতি	
২.	প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা /সম্প্রতি উল্লেখযোগ্য অর্জন এবং ভবিষ্যত পরিকল্পনা	
৩.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল	
৪.	২০২১-২২ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	
৫.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য	
৬.	২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা	
৭.	২০২১-২২ অর্থ বছরে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	
৮.	২০২১-২২ অর্থ-বছরের বরাদ্দ ও প্রকৃত ব্যয়	
৯.	২০২১-২২ অর্থ-বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ	
১০.	২০২১-২২ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	
১১.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়ার্টার	
১২.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	
১৩.	উপসংহার	

আঞ্চলিক অফিসসমূহ		
১.	ঢাকা আঞ্চলিক অফিস	
২.	চট্টগ্রাম আঞ্চলিক অফিস	
৩.	খুলনা আঞ্চলিক অফিস	
৪.	বগুড়া আঞ্চলিক অফিস	
৫.	বরিশাল আঞ্চলিক অফিস	
৬.	সিলেট আঞ্চলিক অফিস	
৭.	রংপুর আঞ্চলিক অফিস	
৮.	ময়মনসিংহ আঞ্চলিক অফিস	
৯.	পরিশিষ্ট	

পরিচিতি

## মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি সংযুক্ত প্রতিষ্ঠান। এ অধিদপ্তর ঢাকা'র তেজগাঁও শিল্প এলাকায় অবস্থিত। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথে সরকারি মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা এবং স্টেশনারী অফিসের উত্তরসূরী হিসেবে তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের Resolution No- G11/1p-13/72-1002, Dated- 30 August 1972 মোতাবেক সরকারের ৪টি অফিস ও প্রেসের কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণের জন্য মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তরের সৃষ্টি হয়। যার মাধ্যমে সরকারি সকল মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারি মালামাল সরবরাহের সেবা প্রদানে গতি সঞ্চার হয় এবং ২০০৫ সালের ২৬শে এপ্রিল সরকার প্রতিষ্ঠানটিকে অধিদপ্তরে উন্নীত করে। অধিদপ্তরের নাম সহজ করার লক্ষ্যে ১৫ই জুন ২০১০ সালে মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরকে 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর' (ডিপিপি) নামকরণ করা হয়। মহাপরিচালক অধিদপ্তরের প্রধান। তাঁর নিয়ন্ত্রণাধীন তিনটি প্রেস, দুটি অফিস ও আঞ্চলিক অফিসসমূহের বিবরণ নিম্নরূপঃ-



### ৩টি প্রেস

- (১) বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) ;
- (২) গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপি প্রেস) ;
- (৩) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি) ;

### ২টি অফিস

- (১) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বিএফপিও) ;
- (২) বাংলাদেশ স্টেশনারী অফিস (বিএসও)।

### আঞ্চলিক অফিসসমূহ (২০২১-২২)

- (১) ঢাকা আঞ্চলিক অফিস,
- (২) চট্টগ্রাম আঞ্চলিক অফিস,
- (৩) খুলনা আঞ্চলিক অফিস,
- (৪) বগুড়া আঞ্চলিক অফিস,
- (৫) বরিশাল আঞ্চলিক অফিস,
- (৬) রংপুর আঞ্চলিক অফিস,
- (৭) সিলেট আঞ্চলিক অফিস ,
- (৮) ময়মনসিংহ আঞ্চলিক অফিস

প্রত্যেক প্রেস, বাংলাদেশ স্টেশনারী অফিস এবং বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস-এর প্রধান হিসেবে উপসচিব পর্যায়ের কর্মকর্তা দায়িত্ব পালন করছেন এবং আঞ্চলিক অফিসের প্রধান হিসেবে একজন করে ম্যানেজার কর্মরত আছেন।

## মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ভিশন ও মিশন

**অধিদপ্তরের ভিশন :** মানসম্মত মুদ্রণ, প্রকাশনা ও সরবরাহ সেবার ক্ষেত্রে রাষ্ট্রের অনন্য ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।


**অধিদপ্তরের মিশন :** রাষ্ট্রের চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ে মানসম্মত মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারি সামগ্রী সরবরাহ নিশ্চিতকরণ।

### অধিদপ্তরের সাধারণ উদ্দেশ্য

দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করণের লক্ষ্যে জনগণের জন্য একটি নির্ভরযোগ্য ও আধুনিক মানের মুদ্রণ সেবা প্রদানে এ অধিদপ্তর যাত্রা শুরু করেছে। সঠিক পরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি প্রয়োগ এবং মানবসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা কার্যক্রমকে বিশ্বমানে উন্নীতকরণসহ গ্রাহক সেবার মান নিশ্চিত করার জন্য এ অধিদপ্তরের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

১. সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে সরকারের কার্যক্রমসমূহ দক্ষতা, বিশ্ব স্ততা, দায়িত্বশীলতা ও কঠোর নিরাপত্তার সাথে সম্পাদন করা।
২. প্রয়োজনীয়তা ও অগ্রাধিকারের ভিত্তিতে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা ও সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহের জন-গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ সম্পাদন করা।
৩. সাপ্তাহিক গেজেট ও অতিরিক্ত সংখ্যার গেজেটসমূহের চাহিদা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকাশের ব্যবস্থা করা।
৪. প্রকাশিত তথ্যসমূহ জনসাধারণের জন্য নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা।
৫. সরকারের সকল অফিসে মুদ্রণ ও স্টেশনারী মালামাল সুষ্ঠু ব্যবহার ব্যবস্থাপনা, বণ্টন ও যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
৬. সকল স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড ফরম, সরকারি জার্নাল, প্রকাশনা, বিধি, বই, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ করা।
৭. সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ, নিয়ম-নীতি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।

## সাংগঠনিক কাঠামো



## অধিদপ্তরের সিটিজেন চার্টার

ক্রমিক নম্বর	যে যে বিষয়ে সেবা প্রদান করা হয়	সেবা গ্রহণকারী	নিষ্পত্তির সময়সীমা	মতামত
১	বাংলাদেশ গেজেট মুদ্রণ ও প্রকাশ	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন	সাপ্তাহিক	বেসরকারি পর্যায়ে অর্থের বিনিময়ে
২	বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা মুদ্রণ ও প্রকাশ	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কোম্পানি	প্রয়োজন মোতাবেক দৈনিক	প্রযোজ্য ক্ষেত্রে অর্থের বিনিময়ে
৩	সরকারি অফিস/আদালতে ব্যবহৃত বিভিন্ন প্রকার ফরম মুদ্রণ ও সরবরাহ	সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান	দৈনিক	
৪	বাজেট বই, বাজেট বক্তৃতা মুদ্রণ	অর্থ মন্ত্রণালয়	৭ দিন থেকে ১৫ দিন	বছরে দুইবার
৫	নির্বাচনী ব্যালট পেপার মুদ্রণ	নির্বাচন কমিশন সচিবালয়	নির্বাচন কমিশন প্রদত্ত সময়সীমা	চাহিদা অনুসারে
৬	হাইকোর্টের কজলিস্ট মুদ্রণ	মহামান্য হাইকোর্ট বিভাগ	দৈনিক	
৭	বাংলাদেশ জাতীয় সংসদের দৈনন্দিন কার্যতালিকা/কার্যবিবরণী ও সংসদ বিতর্ক মুদ্রণ	বাংলাদেশ জাতীয় সংসদ	সংসদ চলাকালীন দৈনিক/চাহিদা অনুসারে	
৮	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক রিপোর্ট মুদ্রণ	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে	বছরে একবার
৯	বিভিন্ন আইন, বিধি ও ম্যানুয়েল মুদ্রণ	সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান	প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সময়সীমা	প্রযোজ্য ক্ষেত্রে অর্থের বিনিময়ে
১০	বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের বিভিন্ন পরীক্ষার সিলেবাস এবং উত্তরপত্র মুদ্রণ	বাংলাদেশ সরকারি কর্মকমিশন	পিএসসি কর্তৃক প্রদত্ত সময়সীমা	
১১	সিজিএ ও সিজিডিএফ-এর চেক, বিভিন্ন ব্যাংকের চেক ও ডাক বিভাগের পোস্টাল অর্ডার মুদ্রণ	কেন্দ্রীয় ব্যাংক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সময়সীমা	
১২	বিভিন্ন পাবলিক পরীক্ষার গোপনীয় প্রশ্নপত্র, সনদপত্র ও নম্বরপত্র মুদ্রণ	জাতীয় বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ডসমূহ	ঐ	অর্থের বিনিময়ে

অধিদপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের জনবল চিত্র:

ক্রমিক	অফিসের নাম	অনুমোদিত জনবল	কর্মরত জনবল	শূন্য পদের সংখ্যা
১।	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর প্রধান কার্যালয়	৭৩	২৮	৪৫
২।	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)	১২১৬	৬৫৮	৫৫৮
৩।	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)	৫৬৩	৩১১	২৫২
৪।	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	১৭৬	১০১	৭৫
৫।	বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	১৪০	৭৮	৬২
৬।	বাংলাদেশ স্টেশনারী অফিস	৯৪	৩৬	৫৮
৭।	৮টি আঞ্চলিক অফিস	১৩৩	৫৩	৮০
	মোটঃ	২৩৯৫	১২৬৫	১১৩০



## বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)

ব্রিটিশ শাসনামলে ভারতবর্ষে বেশ কিছু ছাপাখানা ছিল যার মধ্যে পশ্চিম বাংলার কোলকাতায় অবস্থিত বেঙ্গল গভর্নমেন্ট প্রেস উল্লেখযোগ্য। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর স্বাধীন রাষ্ট্রের প্রিন্ট-হাউস হিসেবে কোলকাতার বেঙ্গল গভঃ প্রেসের কিছু মুদ্রণ মেশিন ও জনবলসহ ঢাকার নাজিমউদ্দীন রোডে সেন্ট্রাল জেলের অভ্যন্তরে ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস স্থাপিত হয়। ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেসের প্রথম কন্ট্রোলার নিযুক্ত হন মিঃ সি , সি, ডানকান। ১৯৪৮ সালে প্রেসটি কয়েক মণ লেড-টাইপ মেটাল এবং দু 'টি পুরাতন বাষ্পচালিত ছাপার মেশিন নিয়ে মুদ্রণ কাজ শুরু করে। পরবর্তীতে এটিকে ১৯৫৩ সালে বর্তমান স্থান তেজগাঁও শিল্পাঞ্চল এলাকায় স্থানান্তর করা হয়। ১৯৫৬ সালে ইস্ট পাকিস্তান গভর্নমেন্ট প্রেস (ইপিজিপি) হিসেবে পরিচিতির মাধ্যমে রাষ্ট্রীয় মুদ্রণ কাজে প্রেসটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। তখন এর লোকবল ছিল ১,৪০০ জন। ১৯৭১ সালে বাংলাদেশ নামে স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অভ্যুদয় ঘটলে এটি বাংলাদেশ গভর্নমেন্ট প্রেস বা বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) নামে পরিচিতি লাভ করে।



বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের মূল ভবন

বাংলাদেশ সরকারী মুদ্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরস্বীকৃত অত্যন্ত সংবেদনশীল (কেপিআইভুক্ত) একটি প্রতিষ্ঠান যা ব্যাপকভাবে 'বিজি প্রেস' নামে পরিচিত। সরকারের যাবতীয় গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ , যেমন- গেজেট, বাজেট, রিপোর্ট, বিল, এ্যাক্ট, অর্ডিন্যান্স, লিফলেট, পোস্টার, আদেশপত্র, অর্থনৈতিক সমীক্ষা, জার্নাল, ফরম (স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড), ডিও প্যাড, ডিও খাম, দাওয়াতপত্র ইত্যাদি এ প্রেস থেকে মুদ্রিত হয়ে থাকে। ভৌগোলিক ও রাজনৈতিক পট পরিবর্তনে পুনর্গঠন সংক্রান্ত অবকাঠামো, জনশক্তি, প্রযুক্তি ও উৎপাদন বিষয়ে সরকারি মুদ্রণ ও প্রকাশনা কাজ দ্রুততার সাথে সম্পন্ন করে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) তার নিজস্ব স্বকীয়তা বজায় রেখেছে। তাছাড়া গোপনীয় শাখার নিরাপত্তার স্বার্থে সার্বক্ষণিক মনিটরিং করার নিমিত্তে অত্যাধুনিক সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সরকারের যাবতীয় গোপনীয় মুদ্রণ কাজ সুবিন্যস্ত হওয়ার স্বার্থে শীতাতপ নিয়ন্ত্রণ এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরও উল্লেখ্য যে, সরকারি মুদ্রণ কাজের নিরাপত্তার স্বার্থে এ প্রেসের মূল ফটকে মেটাল ডিটেক্টর গেট স্থাপন করা হয়েছে।

বর্তমানে এ প্রেসে মোট ১৬ জন কর্মকর্তা এবং ১২০০ জন ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী সহ মোট জনবল ১২১৬ জন কর্মরত আছেন।

## গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। তদানীন্তন পাকিস্তান কেন্দ্রীয় সরকারের মুদ্রণ কার্যাদি সম্পন্ন করার জন্য ১৯৫৩ সালে ঢাকায় ‘সেন্ট্রাল প্রেস’ নামে এর যাত্রা শুরু হয়। প্রথম পর্যায়ে প্রেসটি পাকিস্তান কেন্দ্রীয় সরকারের শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে ছিল। প্রেসের প্রধান কার্যালয় করাচিতে এবং তার অধীনে চারটি ইউনিট অফিস যথাক্রমে করাচি, লাহোর, ইসলামাবাদ ও ঢাকায় অবস্থিত ছিল। ১৯৬৯ সালে পাকিস্তান সরকার প্রেসটিকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করে। তখন এর নতুন নামকরণ হয় ‘দি প্রিন্টিং কর্পোরেশন অব পাকিস্তান লিমিটেড’। স্বাধীনতার পর বাংলাদেশ সরকার (মহামান্য রাষ্ট্রপতির ১৯৭২ সালের আদেশ নম্বর-৮১) প্রিন্টিং কর্পোরেশন (ভেটিং) অর্ডার, ১৯৭২ তারিখ ১৪ জুলাই, ১৯৭২ এর মাধ্যমে প্রেসটিকে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস নামে নামকরণ করা হয়। পরবর্তীতে ৩০ আগস্ট, ১৯৭২ সালের আদেশ নং-কড়.এ-১১/১৮-১৩/৭২-১০০২ ফধঃব- ৩০-০৮-১৯৭২ এর মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অন্যান্য প্রেসের সাথে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের কাজ নির্ধারণ করা হয়। তেজগাঁও শিল্প এলাকার ১২৩ , শহীদ তাজউদ্দীন আহমদ সরণিতে ৫.৬৬ একর জমির উপর অবস্থিত প্রেসটিতে একতলা পাঁচটি কারিগরি ভবন ও দোতলা একটি প্রশাসনিক ভবন রয়েছে। সরকারি গুরুত্বপূর্ণ ও গোপনীয় মুদ্রণ কাজ সম্পাদনের কারণে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস একটি কেপিআইভুক্ত প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত।



গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের মূল ভবন ফটক

কর্মবর্তন অনুযায়ী গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (১) প্রতিরক্ষা মন্ত্রণালয়, (২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, (৩) ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, (৪) যোগাযোগ মন্ত্রণালয়, (৫) নৌ পরিবহন মন্ত্রণালয়, (৬) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, (৭) বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, (৮) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (৯) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, (১০) শিল্প মন্ত্রণালয়, (১১) প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় (১২) রেল মন্ত্রণালয় (১৩) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের যাবতীয় মুদ্রণ ও বাঁধাইয়ের কাজ করে থাকে। বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন সচিবালয় ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের মুদ্রণ কাজও এ প্রেসের আওতাভুক্ত।

## বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়

‘বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়’ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়স্বত্বাধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের একটি প্রেস। সরকারের নিরাপত্তামূলক মুদ্রণ কার্যাদি সম্পাদন করার লক্ষ্যে ১৯৭৫ সালে সর্বপ্রথম বাংলাদেশ সরকারি মুদ্রণালয় হতে কিছুসংখ্যক কর্মচারী ও কয়েকটি মেশিন নিয়ে স্টেশনারী অফিস এর গোড়াউনের জন্য নির্মিত ভবনে ‘বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়’ মুদ্রণ কাজ শুরু করে। অতঃপর বিভিন্ন ধরনের জনগুরুত্বপূর্ণ সিকিউরিটি ডকুমেন্ট মুদ্রণ/সরবরাহের কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশ সরকারের পাশাপাশি আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার সিকিউরিটি ও নন-সিকিউরিটি ইনস্ট্রুমেন্টস/ডকুমেন্টস এর মুদ্রণ ও সরবরাহ সম্পর্কিত কার্যাদি এ মুদ্রণালয়ে সম্পাদন করা হচ্ছে। বর্তমানে এই প্রেসে মঞ্জুরীকৃত জনবল ১৭৬ জন।



বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের মূল ভবন

বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের মুদ্রণ কাজের সংক্ষিপ্ত বর্ণনা :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয়ের প্রি-অডিট চেক
- ২। সিজিডিএফ কার্যালয়ের প্রতিরক্ষা চেক
- ৩। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সিকিউরিটি এবং নন-সিকিউরিটি ডকুমেন্ট
- ৪। জাতীয় সঞ্চয় পরিদপ্তরের ওয়েজ আর্নার বন্ড ও বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্র বিনিয়োগ বন্ড
- ৫। বিভিন্ন ব্যাংকের চেক
- ৬। ডাক বিভাগের পোস্টাল অর্ডার
- ৭। বিভিন্ন শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, হোমিওপ্যাথিক শিক্ষা বোর্ড ও বিশ্ববিদ্যালয়সমূহের সার্টিফিকেট, মার্কশীট ও অন্যান্য নিরাপত্তামূলক ডকুমেন্ট
- ৮। ঢাকা সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স বই ও রিক্সা ভ্যান গাড়ীর টোকেন
- ৯। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের বিভিন্ন প্রকার ফরম ও রেজিস্টার।

## বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের একটি ইউনিট অফিস। এটি তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারি মুদ্রণালয়ের অবিচ্ছেদ্য অংশ হিসাবে কাজ শুরু করে। বাংলাদেশ রেজুলেশন নং-জি-২/আইপি-১৩/৭২-১০০২, তারিখ-৩০/০৮/১৯৭২ এর আদেশ বলে ফরম ও প্রকাশনা সামগ্রীর চাহিদাপত্র সংগ্রহ এবং চাহিদাকৃত মালামাল মুদ্রণ করে দেশব্যাপী সরকারি দপ্তরসমূহের মধ্যে বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার লক্ষ্যে অধিদপ্তরাধীন একটি পৃথক ইউনিট হিসাবে চালু করা হয়।



বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের প্রধান ফটক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের মূল ভবন ০৩(তিন) তলা বিশিষ্ট। যার নীচ তলায় মুদ্রিত ফরমসমূহ সংরক্ষণ ও দোতলায় প্রকাশনা সামগ্রী সংরক্ষণ ও প্রশাসনিক কাজ-কর্ম করা হয় এবং তৃতীয় তলায় মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর কার্যালয় অবস্থিত। তাছাড়া সেনা ফরম সংরক্ষণের জন্য ০১(এক) টি দ্বিতল গুদাম রয়েছে। অপরদিকে বাংলাদেশ স্টেশনারী অফিসের অভ্যন্তরে ফরম সংরক্ষণের জন্য একটি বৃহদায়তনের গুদাম রয়েছে।

এ অফিস থেকে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের তালিকাভুক্ত সরকারি দপ্তর সমূহের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার ফরম, রেজিস্টার ইত্যাদি বিনামূল্যে সরবরাহ করা হয়। এ-সকল ফরম ও রেজিস্টারের মধ্যে দাখিলা, ডিসিআর, ড্রেজারী চালান, ফাইল কভার, পত্র জারী রেজিস্টার, পত্র প্রাপ্তি রেজিস্টার, টাকা আদায়ের রশিদ, হাজিরা খাতা, আউড ডোর টিকিট, মৃত্যু সনদ ফরম, মজুদ রেজিস্টার, পরিমাপ বহি, টিপ বহি, বালাম, নকলের রশিদ, বেতন বিল ফরম, এসিআর, ভ্রমণ বিল ফরম, এলএ চেক বই, ফাইন বহি, খতিয়া ন ফরম, লগ বহি, বিল রেজিস্টার, ক্যাশ বহি, বনজ রাজস্ব ফরম, মাস্টার রোল, সিডি, পিডি, জিডি, এফআইআর, নন-এফআইআর, সার্ভিস বহি, আরসি, পে-রোল, পিসি, ডিউটি রেজিস্টার, সিসি, বার্তা ফরম, ওয়ারেন্ট রেজিস্টার, চার্জশীট, কোর্ট ফরম, রিটার্ন ফরম, পাসপোর্ট ফরম, অর্ডার সীট, পোশাক শিল্পের রশিদ বহি, সেনা ফরম ইত্যাদি অন্যতম। তাছাড়া মূল্যের বিনিময়ে নিকাহ সংক্রান্ত যাবতীয় ফরম সরবরাহ করা হয়। এছাড়া জাতীয় সংসদে পাশ হওয়া সরকারের সকল আইন, অধ্যাদেশ, এসআরও এবং সরকারের বিভিন্ন সময় জারি করা বিধি-বিধান প্রকাশনা আকারে মুদ্রণ এবং নিজস্ব বিক্রয় কেন্দ্র এজেন্টের মাধ্যমে জনসাধারণের কাছে বিক্রির ব্যবস্থা করা হয়ে থাকে। উল্লেখ্য এ অফিসের তত্ত্বাবধানে বিক্রয় কেন্দ্র রয়েছে। এর একটি মূল অফিস ভবন তেজগাঁওয়ে এবং অপরটি ১৪/২, তোপখানা রোডে (জাতীয় প্রেস ক্লাবের উল্টো দিকে) অবস্থিত। প্রতিষ্ঠানের প্রকাশনা সামগ্রী জনসাধারণের কাছে বিক্রির জন্য তালিকাভুক্ত এজেন্টও রয়েছে। ঢাকার বাইরে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসসমূহের ফরম ও রেজিস্টার চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, রংপুর ও সিলেট আঞ্চলিক অফিস থেকে সরবরাহ করা হয়।

## বাংলাদেশ স্টেশনারী অফিস

বাংলাদেশ স্টেশনারী অফিস জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন একটি ইউনিট অফিস। এ অফিসটি ১৯৫২ সালে তদানীন্তন পাকিস্তান আমলে তেজগাঁও শিল্পাঞ্চলে ৫.৭২ একর জমির উপর প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে ১৯৮৫ সাল পর্যন্ত সমগ্র বাংলাদেশের সরকারি অফিস-আদালত ও স্কুল-কলেজে বরাদ্দের বিপরীতে চাহিদানুযায়ী স্টেশনারী দ্রব্য-সামগ্রী এ অফিস থেকে সরবরাহ করা হতো। ১৯৮৫ সালে অধিদপ্তরের অধীনে ঢাকা, চট্টগ্রাম, বগুড়া, ও খুলনায় ৪ টি আঞ্চলিক অফিস প্রতিষ্ঠা করা হয় এবং আঞ্চলিক অফিসমূহের মাধ্যমে উক্ত মালামাল সরবরাহ করা হয়। গত ২০১৬ -১৭ অর্থ বছরে আরও ৩ টি আঞ্চলিক অফিস, যথাক্রমে বরিশাল, রংপুর ও সিলেট চালু করা হয়েছে।



বাংলাদেশ স্টেশনারী অফিসের প্রধান ফটক

### বাংলাদেশ স্টেশনারী অফিসের কাজ

অফিসটি দেশ-বিদেশ থেকে উন্নতমানের কাগজসহ বিভিন্ন প্রকার স্টেশনারী দ্রব্য ও মুদ্রণ সামগ্রী ক্রয়/সংগ্রহ করে থাকে। দেশী কাগজের অধিকাংশ কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড থেকে নির্ধারিত মূল্যে এবং অন্যান্য কাগজ ও মুদ্রণ সামগ্রী , স্টেশনারী দ্রব্য বাজার থেকে দরপত্র/কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়ে থাকে।

ক্রয়/সংগৃহীত কাগজ ও স্টেশনারী দ্রব্য মহামান্য রাষ্ট্রপতির কার্যালয় , মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, নিম্ন-আদালত, বিভিন্ন সরকারি , আধা-সরকারি ও স্বায়ত্ব-শাসিত অফিসে চাহিদা অনুযায়ী আঞ্চলিক অফিস সমূহের মাধ্যমে সরবরাহ করা এ অফিসের প্রধান কাজ।

এছাড়া বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) , গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, সিকিউরিটি প্রিন্টিং প্রেসের ছাপা/ মুদ্রণ ও বাঁধাই কাজের জন্য প্রয়োজনীয় কাগজ মুদ্রণ ও বাঁধাই সামগ্রী এ অফিস থেকে সরবরাহ করা হয়। ৬৪ টি জেলা প্রশাসকের কার্যালয়ের ট্রেজারীতে সরাসরি কার্ভিঞ্জ পেপার (Plain Security Paper) সরবরাহ করা হয়। এ কা র্ভিঞ্জ পেপার বিদেশ থেকে আমদানী করা হয়। সুপ্রীম কোর্টসহ মন্ত্রণালয় ও অফিস-আদালতে ৭টি আঞ্চলিক ( ঢাকা , চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, সিলেট ও রংপুর) অফিসের মাধ্যমে কাগজসহ বিভিন্ন প্রকার স্টেশনারী মালামাল সরবরাহ করা হয়ে থাকে।

# আঞ্চলিক অফিসসমূহ

## ঢাকা আঞ্চলিক অফিস

বাংলাদেশ স্টেশনারী অফিস ভবন, তেজগাঁও ঢাকার একাংশে ১৯৮৫ সালে ঢাকা আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসসমূহে স্টেশনারি ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে।

ঢাকা আঞ্চলিক অফিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৫৩টি মন্ত্রণালয় বিভাগ এবং অধীনস্থ সংযুক্ত দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর এবং ঢাকা বিভাগে ফরম ও স্টেশনারী মালামাল সরবরাহ করে থাকে।

ঢাকা আঞ্চলিক অফিসের অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## চট্টগ্রাম আঞ্চলিক অফিস

চট্টগ্রাম মহানগরীর পাহাড়তলী এলাকায় হাজীক্যাম্প বিল্ডিং নং-৭-এর ভাড়া বাড়ীতে ১৯৮৫ সালে চট্টগ্রাম আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। চট্টগ্রাম আঞ্চলিক অফিস বর্তমান চট্টগ্রাম বিভাগের ৮টি জেলা ও ৬১টি উপজেলায় ফরম ও স্টেশনারী সামগ্রী সরবরাহ করে থাকে।

চট্টগ্রাম আঞ্চলিক অফিসে কর্মরত অনুমোদিত জনবল ১০ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## খুলনা আঞ্চলিক অফিস

খুলনা সিটির ৩নং ইস্ট-সাইড হাউজিং এস্টেট, খালিশপুরের ভাড়া বাড়ীতে ১৯৮৫ সালে খুলনা আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। খুলনা আঞ্চলিক অফিস বর্তমানে ১০টি জেলার সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

খুলনা আঞ্চলিক অফিসে অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## বগুড়া আঞ্চলিক অফিস

সাবেক রাজশাহী বিভাগের সরকারি অফিসসমূহে সেবাদানের জন্য ১৯৮৫ সালে বগুড়া আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। ১৩৩, শেরপুর রোড, কলোনীবাজার, বগুড়ার ভাড়া বাড়ীতে বগুড়া আঞ্চলিক অফিসের কার্যক্রম চালু আছে। বগুড়া আঞ্চলিক অফিস ৮টি জেলার সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

বগুড়া আঞ্চলিক অফিসে বর্তমানে অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## বরিশাল আঞ্চলিক অফিস

বরিশাল শহরের প্রাণ কেন্দ্র পশ্চিম বগুড়া রোডস্থ হক ম্যানশন এর নীচ তলা ভাড়া বাড়ীতে ২০১৬-১৭ অর্থ বছরে ২৬ জুলাই থেকে বরিশাল আঞ্চলিক অফিস কার্যক্রম শুরু করে। বরিশাল আঞ্চলিক অফিস বর্তমানে ৬টি জেলা র সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

বরিশাল আঞ্চলিক অফিসে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## রংপুর আঞ্চলিক অফিস

রংপুর আঞ্চলিক অফিসটি রংপুর মহানগরের উল্লেখযোগ্য টার্মিনাল ও শাপলা চত্বর সংযোগ টার্মিনাল রোডের মধ্যস্থলে (গণেশপুরে) অবস্থিত। অফিসটি ২০১৬-১৭ অর্থ বছরে ২ অক্টোবর থেকে কার্যক্রম শুরু করে। রংপুর আঞ্চলিক অফিস বর্তমানে ৮টি জেলার সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারি সরবরাহ করে থাকে।

রংপুর আঞ্চলিক অফিসে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন

## সিলেট আঞ্চলিক অফিস

গ্রাহক সেবার মান জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য এবং জনগণের সম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে স্টেশনারি দ্রব্য ও ফরম সামগ্রীর প্রাপ্যতা সরকারি অফিস আদালতে সহজতর করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, মুদ্রণ শাখার ০৬ মার্চ ২০১৬ তারিখের ০৫.০০.০০০০. ১২০.১৫.০১৩.০৬.-৭৫ নম্বর আদেশে সিলেট বিভাগের ০৪ (চার)টি জেলা নিয়ে (সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ) সিলেট আঞ্চলিক অফিস সৃষ্টি করা হয়। সিলেট আঞ্চলিক অফিস প্রাথমিক অবস্থায় ঢাকাস্থ বাংলাদেশ স্টেশনারী অফিসের আঞ্জিনায় একটি কক্ষে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ০১ ডিসেম্বর ২০১৬ সাল হতে সিলেটের শাহজালাল উপ-শহরে বাড়ী ভাড়া করে সরকারি অফিস আদালতে স্টেশনারি দ্রব্য ও ফরম রেজিস্টার সরবরাহের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করে আসছে।

সিলেট আঞ্চলিক অফিসে বর্তমানে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

## ময়মনসিংহ আঞ্চলিক অফিস

গ্রাহক সেবার মান জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য এবং জনগণের সম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে স্টেশনারি দ্রব্য ও ফরম সামগ্রীর প্রাপ্যতা সরকারি অফিস আদালতে সহজতর করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, মুদ্রণ শাখার ০৮ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০. ১২০.১৫.০১১.১৭-২১ নম্বর আদেশে ময়মনসিংহ বিভাগের ০৪ (চার)টি জেলা নিয়ে ( ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও নেত্রকোনা) ময়মনসিংহ আঞ্চলিক অফিস সৃষ্টি করা হয়। ময়মনসিংহ আঞ্চলিক অফিস প্রাথমিক অবস্থায় ঢাকাস্থ বাংলাদেশ স্টেশনারী অফিসের আঞ্জিনায় একটি কক্ষে কার্যক্রম শুরু করে। ২০১৯ খ্রিস্টাব্দের নভেম্বর মাসে ২৪নং এলিট হাউস , বাঘমাড়া, ময়মনসিংহে পরবর্তীতে এপ্রিল ২০২১ সাল হতে ২৮ নং গগণ চৌধুরী বাইলেন , কালীবাড়ি রোড, ময়মনসিংহে বাড়ী ভাড়া করে সরকারি অফিস আদালতে স্টেশনারি দ্রব্য ও ফরম রেজিস্টার সরবরাহের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করে আসছে।

ময়মনসিংহ আঞ্চলিক অফিসে বর্তমানে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার উক্ত অফিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

অধিদপ্তরের কার্যাবলি :

ক্রমিক	কার্যাবলী
১)	মুদ্রণ ও স্টেশনারি সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান ;
২)	সকল সরকারি অফিস কর্তৃক মুদ্রণ ও স্টেশনারি সম্পর্কিত বিধি-বিধান প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং কোন মারাত্মক অবহেলা ও আইনভঙ্গের বিষয়ে সরকারকে অবহিতকরণ ;
৩)	সময়ে সময়ে সরকারি অফিসগুলো পরিদর্শনের মাধ্যমে মুদ্রণ ও স্টেশনারী মালামালের সুষ্ঠু ব্যবস্থাপনা , বণ্টন ও যথাযথ হিসাব সংরক্ষণসহ ব্যবহারের ক্ষেত্রে মিতব্যয়িতা নিশ্চিতকরণ ;
৪)	সকল সরকারি অফিস-আদালতে ব্যবহারের জন্য স্টেশনারী সরঞ্জামাদি এবং ফরম সরবরাহ ;
৫)	সরকারি অফিসসমূহের জন্য ফরম ও স্টেশনারী দ্রব্যাদি সরবরাহ প্রদানের অনুকূলে প্রয়োজনীয় অর্থ খোক বরাদ্দ ;
৬)	ফরম, স্টেশনারী ও সরকারি প্রকাশনা ব্যবহারের নিমিত্তে সকল অফিস-আদালত যথানিয়মে তালিকাভুক্তিকরণ ;
৭)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের ব্যবহার অযোগ্য/অনুপযোগী মালামাল ও কাগজপত্র যথানিয়মে নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ ;
৮)	সকল সরকারি অফিস কর্তৃক ফরম ও স্টেশনারীর জন্য তাঁদের দাখিলকৃত চাহিদাপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরবরাহের পরিমাণ ও প্রয়োজনীয়তা নিরূপণ ;
৯)	সকল প্রকার স্ট্যান্ডার্ড, নন-স্ট্যান্ডার্ড ফরম, সরকারি জার্নাল, প্রকাশনা, বিধি, বই, গেজেট, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ ;
১০)	সরকারি বাজেট , সংসদের কার্যবিবরণী , অডিট রিপোর্ট , পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট , মহামান্য হাইকোর্টের কজলিস্ট , ডেথ রেফারেন্স , এডিপি রিপোর্ট , রেগুলেশন, অর্ডিন্যান্স ও ম্যানুয়াল ইত্যাদি মুদ্রণের ব্যবস্থাকরণ ;
১১)	নিরাপত্তা গোপনীয়তা রক্ষার মাধ্যমে দেশের সমস্ত শিক্ষাবোর্ড , বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র, সনদপত্র এবং অন্যান্য গোপনীয় মুদ্রণ কাজ ;
১২)	সাইফার কোড , ডাক বিভাগের নন-জুডিসিয়াল স্ট্যাম্প , সকল প্রকার জাতীয় সঞ্চয়পত্র , ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ব্যাংকের চেক বইসহ বিভিন্ন সংস্থার গোপনীয়/অতি গোপনীয় মুদ্রণ কাজ ;
১৩)	অধীনস্থ অফিস/প্রেসসমূহ পরিদর্শন ও এর সাথে সংযোগ ও সমন্বয় রক্ষা ;
১৪)	বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটির মাধ্যমে প্রথম শ্রেণীর পদ ব্যতীত অন্যান্য সকল পদে নিয়োগ , পদোন্নতি ও বদলী সংক্রান্ত কার্যক্রম সম্পাদন ;
১৫)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের জন্য মুদ্রণ মেশিন ও খুচরা যন্ত্রাংশ , নিরাপত্তা কাগজ/দালিলিক কাগজ ও রাসায়নিক দ্রব্যাদি আমদানী ;
১৬)	অধীনস্থ অফিস/প্রেসসমূহের বাজেট তৈরী, আয়-ব্যয় সংক্রান্ত রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তা মন্ত্রণালয়ে প্রেরণ ;
১৭)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের অবসর ভাতা/আনুতোষিক ইত্যাদি প্রদান ;
১৮)	ইউনিট অফিস ও প্রেসসমূহের প্রতিবেদনের ভিত্তিতে মাসিক রাজস্ব আয় ও ব্যয়ের হিসাব প্রস্তুতকরণ ;
১৯)	উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি এবং সরকারি হিসাব সম্পর্কিত প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়ন ;
২০)	যথাযথ পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে মুদ্রণ মেশিনাদি , যন্ত্রপাতি, মুদ্রণ সামগ্রী, স্টেশনারী দ্রব্যাদি ইত্যাদি ক্রয়ের বিল পরিশোধ ;
২১)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের জন্য মালামাল সংগ্রহ , বিতরণ ও মজুদ পরিমাণের বার্ষিক হিসাব পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই ;
২২)	প্রেসসমূহের জনবল ও তদনুযায়ী মেশিনের উৎপাদন ক্ষমতার প্রতি দৃষ্টি রাখা , প্রেসসমূহের গুদাম পরিদর্শন এবং মুদ্রণ কাজের অগ্রগতি পর্যালোচনা ;
২৩)	অধিদপ্তরের যাবতীয় প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম ;
২৪)	সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আদেশ-নির্দেশ, নিয়ম-নীতি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;



প্রতিবেদন

# প্রধান কার্যালয়

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথে সরকারের Caterer Services of Printing, Stationery and Forms materials ও প্রকাশনার প্রয়োজনীয়তা মেটানোর লক্ষ্যে ১৯৭২ সালে এ অফিসের জন্ম। বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, বাংলাদেশ স্টেশনারী অফিস এবং ৭টি আঞ্চলিক অফিসের মাধ্যমে এ অধিদপ্তর কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের প্রধান কার্যালয় অধীনস্থ অফিস ও প্রেসসমূহের কার্যক্রম সমন্বয়, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে থাকে।

## ২০২১-২২ অর্থ-বছরের কার্যাবলি :

বাংলাদেশ সরকারের শ্রেণী বিন্যাসকৃত গোপনীয় মুদ্রণ কাজসহ অন্যান্য সকল মুদ্রণ কাজ সম্পাদন , দেশের সকল অফিস-আদালতে গুণগত মান সম্পন্ন স্টেশনারী সামগ্রী সরবরাহকরণ , সেবার মানোন্নয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত এ অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। দেশের উন্নয়নকে ত্বরান্বিত করণের লক্ষ্যে নির্ভরযোগ্য ও আধুনিকমানের সেবা নিশ্চিত করার জন্য অফিসের কর্মপরিবেশ উন্নত করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করা হয়েছে। কর্মচারীদের ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে অফিসের ভিতরে ওয়াইফাই সুবিধা নিশ্চিত করা হয়েছে। দক্ষতা ও মানোন্নয়নের জন্য ২০২১-২২ অর্থ-বছরে অধিদপ্তরের ননটেকনিক্যাল কর্মকর্তা/কর্মচারীগণকে পর্যায়ক্রমে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অধিদপ্তরের মূল Web Domain এ Web Mail সংযুক্ত করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের কার্যাবলি নিম্নে উল্লেখ করা হলোঃ

- ১। বিভিন্ন সরকারি , আধা সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসের Job Work (টিকা কাজ) ;
- ২। সকল শিক্ষাবোর্ড , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কর্ম কমিশনের প্রশ্নপত্র মুদ্রণ ;
- ৩। জাতীয় সংসদের সংসদ বিতর্কসহ সকল মুদ্রণ ;
- ৪। মহামান্য হাইকোর্ট বিভাগের দৈনিক মামলার কার্যতালিকা (কজলিস্ট) ও ডেথ রেফারেন্স মুদ্রণ ;
- ৫। নির্বাচন কমিশন সচিবালয়ের ব্যালট পেপারসহ যাবতীয় মুদ্রণ কাজ ;
- ৬। বিভিন্ন সরকারি , আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার সিকিউরিটি এবং নন সিকিউরিটি ডকুমেন্টস মুদ্রণ ;
- ৭। বিভিন্ন ব্যাংকসমূহের চেক মুদ্রণ ;
- ৮। বিভিন্ন শিক্ষাবোর্ড , বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট, মার্কসিট ও অন্যান্য নিরাপত্তামূলক ডকুমেন্টস মুদ্রণ ;
- ৯। সরকারি হাসপাতালসমূহের টিকিট এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বিভিন্ন মূল্যমানের প্রবেশ টিকিট মুদ্রণ ;
- ১০। সাপ্তাহিক ও অতিরিক্ত সংখ্যা গেজেট মুদ্রণের ব্যবস্থা ও বিতরণ নিশ্চিতকরণ ;
- ১১। ক্যালেন্ডার ও ডায়েরি প্রকাশনা সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ ;
- ১২। মহামান্য রাষ্ট্রপতি , মাননীয় প্রধানমন্ত্রী, বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, নিম্ন আদালত, বিভিন্ন সরকারি আধা সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসে/কার্যালয়ে সকল প্রকার মুদ্রণ কাজ সম্পন্নকরণ ;
- ১৩। সরকারের সকল স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড ফরমসহ সকল প্রকার মুদ্রণ কাজ সম্পাদন ও বিতরণ ;
- ১৪। সকল সরকারি অফিস-আদালতে স্টেশনারী মালামাল যথাসময়ে সরবরাহকরণ।

## ২০২১-২২ অর্থ-বছরের কর্মপরিকল্পনা:

বিদ্যমান অবকাঠামোর মানোন্নয়ন , প্রেসসমূহ যুগোপযোগী ও আধুনিকায়নে পর্যাপ্ত অর্থ বরাদ্দ প্রাপ্তি , আইসিটি সেল শক্তিশালীকরণ, ই-ফাইলিং ও ই-টেন্ডার চালুকরণ এবং কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থাকরণ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের প্রধান চ্যালেঞ্জ। সমসাময়িক ও প্রতিযোগিতামূলক বিশ্বের সা থে তাল মিলিয়ে অধিদপ্তরের অবস্থানকে দৃঢ়করণের লক্ষ্যে ২০২১-২২ অর্থ-বছরের গৃহীতব্য কর্মপরিকল্পনাসমূহ নিম্নরূপ :

- ১। প্রেসসমূহের আধুনিকীকরণ ও পর্যাপ্ত জনবল নিশ্চিতকল্পে শূন্যপদসমূহ পূরণ ;
- ৩। দ্রুততম সময়ে গেজেট মুদ্রণ ও হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ ;
- ৪। আইসিটি সেলের সক্ষমতা বৃদ্ধিকরণ ;
- ৬। চালুকৃত ই-ফাইলিং ব্যবস্থাকে আরও জোরদারকরণ ;
- ৭। ই-টেন্ডার কার্যক্রম চালুকরণ ;
- ৮। নতুন আধুনিক ডিজিটাল মুদ্রণ মেশিন ক্রয় ;
- ৯। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঠিক বাস্তবায়ন ;
- ১০। অধিদপ্তরের মূল অফিস বিল্ডিং সম্প্রসারণ ;
- ১১। ইউনিট অফিস/প্রেসের টেকনিক্যাল/ননটেকনিক্যাল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ ঘণ্টা প্রশিক্ষণ ;
- ১২। ময়মনসিংহ বিভাগে নতুন আঞ্চলিক অফিস সৃষ্টিকরণ।

## ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ:

উন্নত মুদ্রণ ও প্রকাশনা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে গৃহীত ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

- ১। প্রেসসমূহের জন্য ইনক্রিপটেড অটোমেটেড মেশিন এবং ডিজিটাল অফসেট মেশিন ক্রয় ;
- ২। অধিদপ্তরাধীন ৮টি আঞ্চলিক অফিসের জন্য নিজস্ব ভবন নির্মাণ ;
- ৩। কারিগরি ও অকারিগরি কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে দুটি স্টাফবাস ক্রয় ;
- ৪। প্রধান কার্যালয়সহ অফিস/প্রেসসমূহের আবাসিক ভবন নির্মাণ ;
- ৫। পেপার টেস্টিং ল্যাব প্রতিষ্ঠা করা ;
- ৬। দেশে ও দেশের বাহিরে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ;
- ৭। অফিস সম্প্রসারণ ;
- ৮। ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধি ;
- ৯। মালামাল গ্রহণ ও বিতরণের হিসাব অটোমেশন সিস্টেমে চালু করা।

জনবলের বিবরণ :- (২০২০-২০২১)

বিবরণ	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	মোট	মন্তব্য
অনুমোদিত পদ	০৯	০২	৪৮	১৪	৭৩	
কর্মরত	০৬	০২	১৮	০২	২৮	
শূন্যপদ	০৩	০০	৩০	১২	৪৫	

২০২১-২২ বছরের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়:

অফিসের নাম	২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বাজেট বরাদ্দ	২০২১-২২ অর্থ বছরে প্রকৃত ব্যয়
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	৩০১,৩৮,০৬,০০০/-	১৮৮,৭০,২৮,৫১৯/-

২০২১-২২ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী:

অংকসমূহ হাজার টাকায়

অফিস/প্রেসের নাম	১৯৭২ সাল থেকে মোট অডিট আপত্তির সংখ্যা	জড়িত টাকার পরিমাণ	মোট নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অর্থের পরিমাণ	বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	বর্তমানে আপত্তিকৃত অর্থের পরিমাণ
প্রধান কার্যালয়	২৪৪টি	৬৫০৬৭১	১৫১টি	৩২৫২৫৭	৯৩টি	৩২৫৪১৪
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	৫৯৭টি	১৯৪৫৫৩৮	৪২৪টি	৯৩১৭৮৫	১৭৩টি	১০১৩৭৫২
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	৪৫২টি	১২১৮৬২৫	৩৭২টি	৫৩২০৫৫	৮০টি	৬৮৬৫৬০
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	২৮৫টি	৩০১৯২৪০	২৪২টি	২৯৩৪৬৬৬	৪৩টি	৮৪৫৭৪
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	৩০২টি	১০২৫৯৪	২৭৬টি	৮৭৮৩৯৪	১৬টি	১৪৭৫৫
বাংলাদেশ স্টেশনারী অফিস	৪৮০টি	১৮২৩০১২	৪২৩টি	৯৬৯৬০০	৫৭টি	৮৫৩৪১২
সর্বমোট	২৩৬০টি	৮৭৫৯৬৮০	১৮৮৮টি	৬৫৭১৭৫৭	৪৬২টি	২৯৭৮৪৬৭

## ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ:

অফিসের নাম	২০২১-২২ অর্থ বছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা	২০২১-২২ অর্থ বছরে আয়
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	৪২,৬৭,০০,০০০/-	৪২,২০,১৭,৪৮৪/-

### বহি মুদ্রণের অনাপত্তির ছাড়পত্র প্রদান(NOC) :

বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা/দপ্তরের বিভিন্ন প্রকার প্রকাশনা, প্রতিবেদন, ম্যানুয়েল, পোস্টার, লিফলেট ইত্যাদি সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় মুদ্রণের অনাপত্তি প্রদানকে ছাড়পত্র বলা হয়। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরধীন ৩ (তিন) টি প্রেস যথা- (১) বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), (২) গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি) ও (৩) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ে (বিএসপিপি) মুদ্রণের জন্য প্রেরিত কোন মুদ্রণ কাজ উল্লিখিত প্রেসসমূহে সময়ের স্বল্পতা, যান্ত্রিক/কারিগরি সমস্যা ও চাহিদাকারী দপ্তরের চাহিদা/বর্ণনা অনুযায়ী প্রয়োজনীয় মুদ্রণ সামগ্রী প্রেসে না থাকলে এবং প্রেস সমূহে উক্ত কাজ করা সম্ভব না হলে সেক্ষেত্রে চাহিদাকারী দপ্তরের অনুকূলে অনাপত্তি ইস্যু করা হয়। সরকারি নিয়ম অনুযায়ী চাহিদাকারী দপ্তর/সংস্থা তাদের মুদ্রণ কাজের চাহিদাপত্র বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসে প্রেরণ করে। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস কর্ম বণ্টননামা অনুসারে উক্ত কাজ সংশ্লিষ্ট প্রেসের অনুকূলে মুদ্রণাদেশ প্রদান করে। প্রেস কর্তৃপক্ষ প্রেরিত সংশ্লিষ্ট মুদ্রণ কাজ করা সম্ভব না হলে অপারগতার বিষয়টি বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসকে অবহিত করে। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস উক্ত অপারগতার বিষয়টি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকে অবহিত করে। মহাপরিচালক সংশ্লিষ্ট অফিস/প্রেসের অপারগতার বিষয়টি সার্বিক বিবেচনা করে চাহিদাকারী দপ্তরের অনুকূলে অনাপত্তি/ছাড়পত্র প্রদান করে। যে কোন অনাপত্তি/ছাড়পত্রের সাথে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, সংশ্লিষ্ট প্রেস এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়) সম্পৃক্ত, তাই অনাপত্তি/ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে ৫ থেকে ১২ দিন পর্যন্ত সময় লাগে।

### বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২১-২২:

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের রূপকল্প “মানসম্মত মুদ্রণ, প্রকাশনা ও সরবরাহ সেবার ক্ষেত্রে রাষ্ট্রের অনন্য ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান” এবং অভিলক্ষ্য “রাষ্ট্রের চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ে মানসম্মত মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারী সামগ্রী সরবরাহ নিশ্চিতকরণ”। এ অভিলক্ষ্য অর্জনে ২০২১-২২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৩ টি কৌশলগত বাস্তবায়নে ১৬টি কার্যক্রম চিহ্নিত করে এবং এ কার্যক্রমের জন্য ১৬টি কর্ম সম্পাদন সূচক বা Performance Indicator নির্ধারণ করে প্রতিটির জন্য লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। অপরদিকে মন্ত্রিপরিষদ বিভাগ ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৫টি কার্যক্রম নির্ধারণ করেছে। নির্ধারিত কৌশলগত উদ্দেশ্যসমূহের অধীন ৫টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এ সকল সূচকের মোট মান ১০০ এর মধ্যে ৯৬.৬৪ অর্জিত হয়েছে।

## বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২১-২২ এর বার্ষিক অর্জন ও মূল্যায়ন:

কর্মসম্পাদন ক্ষেত্র	কৌশলগত উদ্দেশ্যের অধীন কার্যক্রমের সংখ্যা	সূচকের সংখ্যা	মোট মান	অর্জিত মান
(১) প্রতিষ্ঠানিক সক্ষমতাবৃদ্ধি	৫	৫	২৫	২৪.৫০
(২) মুদ্রিত সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি চাহিদামত বিতরণ	৬	৬	২৫	২৫
(৩) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণ	৫	৫	২০	২০
মোট	১৬	১৬	৭০	৬৯.৫০
সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৫	৫	৩০	২৭.১৪
মোটঃ	৫	৫	৩০	২৭.১৪
		সর্বমোটঃ	১০০	৯৬.৬৪

### বার্ষিক ৬০ ঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে পর্যায়ক্রমে দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বার্ষিক ৬০ ঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এছাড়া কিছুসংখ্যক কর্মকর্তা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) ও বিসিএস প্রশাসন একাডেমিতে বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

### জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন :

সরকারি অফিসে জনসাধারণের সেবা পাওয়ার অন্যতম অন্তরায় হল শুদ্ধাচারের অনুপস্থিতি। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র অনুসারে কার্যক্রম গ্রহণ করেছে। এ লক্ষ্যে মহাপরিচালকের সভাপতিত্বে ১৭ই নভেম্বর ২০১৩ তারিখে একটি নৈতিকতা কমিটি গঠিত হলেও সময়ের প্রয়োজনীয়তায় ২৬/৪/২০১৬ তারিখে নৈতিকতা কমিটির পুনর্গঠন করা হয়। কমিটি শুদ্ধাচার বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন করে। কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মনিটরিং করার জন্য নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন করা হয়। প্রতিবেদনাধীন বছরে ৪টি সভা আয়োজন করা হয়েছে। নৈতিকতা কমিটি ও মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিত করণ ও সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও তার দায়িত্ব কর্তব্য কর্মবন্টনে অন্তর্ভুক্ত করা হয়েছে। শুদ্ধাচার বাস্তবায়নে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

- ▶ জনসাধারণের নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য এ অধিদপ্তর প্রধান কার্যালয়সহ সকল অফিস/প্রেসে হেল্প ডেস্ক খোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- ▶ জনগণের নির্বিঘ্নে সেবা পাওয়ার পথে অন্তরায়সমূহ দূর করার জন্য গ্রাহকদের মতামত কার্যক্রম সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ▶ শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে ৪৯ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- ▶ এ অধিদপ্তরে অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য পরিচালককে নিয়োগ দেয়া হয়েছে। অধিদপ্তরের মাসিক সভায় অভিযোগের নিষ্পত্তির বিষয়টি এজেন্ডাভুক্ত করা হয়েছে। শতভাগ অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- ▶ ই-গভর্নেন্স সিস্টেম উন্নয়নের লক্ষ্যে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে Electronic Government Procurement (e-GP) চালুর লক্ষ্যে এ অধিদপ্তরের e-GP সংক্রান্ত দুইজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে e-GP বিষয়ে Central Procurement Technical Unit (CPTU) হতে ব্রিফিং প্রদান করা হয়েছে। CPTU হতে প্রশিক্ষণ প্রদান ও Access Code পাওয়ার পর এ অধিদপ্তরের একটি ইউনিট অফিস Bangladesh Stationery Office (BSO) এ পরীক্ষামূলকভাবে e-GP চালু করা হয়েছে।
- ▶ কাজের গতি দ্রুত করার জন্য ই-ফাইলিং সিস্টেম চালু করা হয়েছে।

#### অভিযোগ ব্যবস্থাপনা :

অভিযোগ ব্যবস্থাপনা মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের গুরুত্বপূর্ণ অংশ। মুদ্রণ, প্রকাশনা এবং স্টেশনারি সরবরাহ সংক্রান্ত জনসাধারণের অভিযোগ গুরুত্বসহকারে বিবেচনাপূর্বক উহা নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়। এক্ষেত্রে দুই ধরনের অভিযোগ লক্ষ্য করা যায়। প্রথমতঃ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মুদ্রণ, প্রকাশনা এবং স্টেশনারি সরবরাহ, দ্বিতীয়তঃ এ অধিদপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ। উভয় প্রকার লিখিত অভিযোগ গ্রহণের জন্য এ অধিদপ্তরের তৃতীয় তলায় নির্ধারিত বাক্স রাখা আছে, প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পরিচালককে ফোকাল পয়েন্ট নিয়োগপূর্বক অভিযোগ নিষ্পত্তি র ব্যবস্থা করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ তদন্তপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে।

#### অধিদপ্তরের অবস্থান :

অধিদপ্তরের প্রধান কার্যালয়-এর অবস্থান বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস ভবনের ৩য় তলায়। অধিদপ্তরে অফিস প্রেসসমূহের মোট জমির পরিমাণ ৩২.৬৯৭৬ একর। জমির রেকর্ড নিয়ে কিছু জটিলতা থাকলেও নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে।

#### অধিদপ্তরের অফিস/প্রেসসমূহের ভূ-সম্পত্তি:

ক্রমিক নং	অফিস/প্রতিষ্ঠান	মোজা	খতিয়ান	দাগ			জমির পরিমাণ (একর)	রেকর্ড/মন্তব্য
				আরএস দাগ	শিল্প প্লট	সিটি		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-১০	৩৬১০	৩৭৫ ৩৭৬ ৩৭৭ ৩৭৮ ৩৭৯ ৩৮০	---	৫.৮১২৮	এল.এ. কেস নং- ৩/৪৮-৪৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত (বিজি প্রেস-এর নামে রেকর্ড)
	বিজি প্রেস স্টাফ কোয়ার্টার (প্রাথমিক বিদ্যালয়, মসজিদ, মাদ্রাসা ও রাস্তাসহ)	ঐ	আরএস-০৪	৪২১৩ ৪২১৫ ৪২১৭ ৪২১৮ ৪২১৯ ৪২২০ ৪২২১ ৪২২২ ৪২৭১ ৫১২৩	১১ ১২ ১৩ ১৪ ২৩ ২৪ ২৫ ২৬ ৩৫ ৩৬	---	.০৫৩৬ .৯২৭২ .৪৯৪৪ .১২১২ ২.৫৭৬০ .৫৯৯২ .১৯৮০ .১৬৭২ .৪৮২৮ .২৯৪০ ৫.৯১৩৬	ঐ (গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগ-এর নামে খসড়া রেকর্ড)

ক্রমিক নং	অফিস/প্রতিষ্ঠান	মোজা	খতিয়ান	দাগ			জমির পরিমাণ (একর)	রেকর্ড/মন্তব্য
				আরএস দাগ	শিল্প প্লট	সিটি		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২.	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-১০	৩৬১২	১০২-১০৭	---	৫.৬১৪৪	এল.এ. কেস নং- ৩/৪৮-৪৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত (গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগ-এর নামে খসড়া রেকর্ড)
	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের স্টাফ কোয়ার্টার	ঐ	আরএস-০৪	২০৫০	২৭৯ (অংশ) ২৮১- ২৮৪	---	৩.৯৮৪০	বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসক ঢাকা
৩.	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০৫	৩৬০৩	৩৭০	৫৩১১	০.৮৯	বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।
৪.	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, খেলার মাঠ উচ্চ বিদ্যালয় ও বাংলা	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০৪	৩৬০২	৩৬৭-	--	৫.৭৬২৮	গণপূর্ত ও নগর উন্নয়ন বিভাগের নামে রেকর্ড
				৩৬০৩	৩৭২			
				৩৬০৪				
				৩৬০৫				
				৩৬০৬				
৩৬০৭								
৫.	বাংলাদেশ স্টেশনারী অফিস (স্টাফ কোয়ার্টার সহ)	তেজগাঁও শিল্প এলাকা	আরএস-০১	৩৪০৩	৩৬১- ৩৬৬	৭০০৩	৫.৬১	

### অধিদপ্তরের অফিস/প্রেসের বিল্ডিং ও কোয়ার্টার:

